৩


দৈনিক ইত্তেফাক

তারিখ ... 24 NOV 1998 ...
পৃষ্ঠা [illegible] কলাম ৩


# অশিক্ষা দূরীকরণে শিক্ষার্থীদের আগাইয়া আসার আহ্বান

চট্টগ্রাম অফিস ॥ সরকারী সিটি বিশ্ববিদ্যালয় কলেজ ক্যাম্পাসে বিদায় উৎসব '৯৮ (স্নাতক পাস) উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে চট্টগ্রাম বিভাগীয় কমিশনার সাখাওয়াত হোসেন বলেন, সমাজ হইতে অশিক্ষা আর মৌলবাদী চক্রের কালো থাবা উপড়াইয়া ফেলিতে পারিলে অন্যায়-অত্যাচার দিন দিন কমিয়া আসিবে। এজন্য ছাত্রসমাজকে আরও বেশী সচেতন হওয়ার আহ্বান জানাইয়া তিনি বলেন, প্রগতিশীল সমাজ ব্যবস্থায় ও দেশের উন্নয়নে একমাত্র ছাত্ররাই অগ্রণী ভূমিকা পালন করিতে পারে। গত শনিবার অনুষ্ঠিত উক্ত সভায় সভাপতিত্ব করেন সাইফুদ্দিন মোহাম্মদ খালেদ শিপলু। বক্তৃতা করেন কলেজ অধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ কাওসার আলী, উপাধ্যক্ষ মিসেস আতিয়া আহমদ চৌধুরী, জহিরুল ইসলাম, শওকত হোসাইন, সাইফুদ্দিন আহমদ, সৌমিত্র বড়ুয়া বাবু, ওয়াহিদ মুরাদ রাসেল, নুর কাদের ছোটন, নাসির উদ্দিন ও মাহতাব উদ্দিন।